অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটব্যাপী কয়েকটি অঞ্চলে ভারী তুষারপাত ও ঝড়ো হাওয়ার ফলে সড়কের অবস্থা বিপজ্জনক রূপ নিতে পারে বিধায় নিউ ইয়র্কবাসীদেরকে অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার জন্য গভর্নর হোকলের পরামর্শ প্রদান

নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও মিড-হাডসন অঞ্চলের মধ্যকার এলাকাগুলো সময়ে সময়ে ঘণ্টায় এক ইঞ্চি বা তার বেশি হারে ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাতের সম্মুখীন হতে পারে

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির অঞ্চলগুলোতে শুক্রবার সকাল পর্যন্ত এক ফুট বা তার বেশি পরিমাণে লেক ইফেক্ট তুষারপাত হওয়ার পূর্বাভাস পাওয়া গেছে; বর্তমানে কম দৃষ্টিগোচরতার কারণে বাফেলো স্কাইওয়ে বন্ধ রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের বেশ কিছু অংশে নিউ ইয়র্কবাসীদেরকে সতর্কতা অবলম্বন করতে এবং অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলতে সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন কারণ শুক্রবার সকাল পর্যন্ত দুইটি আবহাওয়ার অবস্থা একাধিক অঞ্চলে তুষারপাত ও ঝড়ো হাওয়া তৈরি করবে বলে আশংকা করা হচ্ছে, যার ফলে সড়কগুলো তুষার ও বরফে ঢেকে যাবে, দৃষ্টিগোচরতা কমে যাবে, এবং ভ্রমণের জন্য সম্ভাব্য বিপজ্জনক অবস্থা তৈরি হতে পারে। শুক্রবারে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও নর্থ কান্ট্রিতে ঘণ্টায় 40 মাইল পর্যন্ত গতিবেগের ঝড়ো হাওয়া সহ এক ফুটেরও বেশি পরিমাণে লেক ইফেক্ট তুষারপাত হতে পারে বলে আশংকা করা হচ্ছে, যার ফলে কখনো কখনো হোয়াইটআউট অবস্থা তৈরি হতে পারে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, ও মিড-হাডসন অঞ্চলে কিছু জায়গায় ঘণ্টায় 40 মাইল পর্যন্ত গতিবেগের ঝড়ো হাওয়া সহ ছয় ইঞ্চি বা তারবেশি পরিমাণে তুষারপাত হওয়ার আশংকা রয়েছে। এই পূর্বাভাসের কারণে, নিউ ইয়র্কবাসীদেরকে, বিশেষ করে ডাউনস্টেট অঞ্চলের বাসিন্দাদেরকে যাতায়াতের জন্য গণ পরিবহন ব্যবহার করতে উৎসাহ দেয়া হচ্ছে।

"আরো বেশি ভারী তুষারপাত ও ঝড়ো হাওয়ার পূর্বাভাস থাকায়, আমি নিউ ইয়র্কবাসীদেরকে সড়কপথে না থাকতে উৎসাহিত করছি এবং বিপজ্জনক ভ্রমণের অবস্থার জন্য প্রস্তুত থাকতে বলছি," **বলেছেন গভর্নর হোকল।** "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির এলাকাগুলোতে ইতোমধ্যে লেক ইফেক্ট তুষারপাত দেখা দিয়েছে এবং আমরা আশংকা করছি আজ রাত থেকে আগামীকাল সকালের মধ্যে ডাউনস্টেট অঞ্চলগুলোতে ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে। অনুগ্রহ করে নিজেকে নিরাপদ রাখতে এবং সড়কপথে থাকা আমাদের রক্ষণাবেক্ষণ

কর্মীদেরকে আমাদের হাইওয়ে ও সেতুগুলো দ্রুত ও নিরাপদে পরিষ্কার করতে সাহায্য করার জন্য যেকোনো অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলুন।"

এই সপ্তাহের শুরুতে কয়েকটি অঞ্চলে ঝড়-সম্পর্কিত ক্ষতির আশংকায় জরুরি সাড়া প্রদানকারী সম্পদ প্রস্তুত রাখার জন্য গভর্নর হোকল স্টেট সংস্থাগুলোকে নির্দেশ দিয়েছিলেন। বৃহস্পতিবার সকালে, লেক ইফেক্টের কারণে প্রতি ঘণ্টায় কয়েক ইঞ্চি তুষারপাত হওয়ার ফলে দৃষ্টিগোচরতা অনেক কমে যাওয়ায় স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) বাফেলো সিটিতে রিজ রোড থেকে চার্চ স্ট্রিট পর্যন্ত যাওয়া বাফেলো স্কাইওয়ে (স্টেট রুট 5) বন্ধ করে দিয়েছে।
ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও নর্থ কান্ট্রির এলাকাগুলোতে লেক ইফেক্ট তুষারপাত বৃহস্পতিবার থেকে শুক্রবার রাত পর্যন্ত অব্যাহত থাকবে যেখানে কিছু স্থানে এক ফুট বা তারচেয়ে বেশি পরিমাণে তুষারপাত হতে পারে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও মিড-হাডসন ভ্যালির এলাকাগুলোতে শুক্রবার সকাল পর্যন্ত ছয় ইঞ্চি পর্যন্ত তুষারপাত ও ঝড়ো হাওয়া দেখা যাবে, যার ফলে বিশেষ করে শুক্রবার সকালে যাতায়াতের সময় বিপজ্জনক ভ্রমণের অবস্থা তৈরি হবে।

ভারী তুষারপাত ও ঝড়ো হাওয়া সম্পর্কে স্টেটব্যাপী একাধিকবার আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পরামর্শ জারি করা হয়েছে, এবং সেইসাথে শুক্রবার বিকাল পর্যন্ত জেফারসন ও ওসওয়েগোতে লেকের উপকূলে বন্যা দেখা দেয়া সম্পর্কেও সতর্কতা জারি করা হয়েছে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শসমূহের পূর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। এলাকাগুলোতে ঝড়ো আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো প্রয়োজন, যেমন পাম্প, চেইন, স্যান্ডব্যাগ, জেনারেটর, কট, কম্বল, ও বোতলজাত পানি, ইত্যাদির চাহিদা পূরণে সহায়তার জন্য স্টেটের সংস্থানগুলোর মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, নর্থ কান্ট্রি ও স্টেটব্যাপী অন্যান্য অঞ্চলে তুষারপাত ও বরফ জমার প্রতি সাড়াদান অব্যাহত রাখার পাশাপাশি, স্টেটের পরিবহন বিভাগ ডাউনস্টেটে আঘাত হানার সম্ভাবনা থাকা উপকূলীয় ঝড় মোকাবেলার জন্যেও প্রস্তুতি নিচ্ছে। পরিবহন বিভাগ প্রভাবিত এলাকাগুলোর নিউ ইয়র্কবাসীদেরকে শুক্রবার সকালে অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে যাতে ঝড়ের প্রতি সাড়া দিয়ে স্নো প্লাউ ড্রাইভাররা কার্যকরভাবে তাদের কাজ সম্পন্ন করতে সক্ষম হন।

সংকটপূর্ণ এলাকাগুলোতে তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য অন্যান্য অঞ্চল থেকে মিড-হাডসন অঞ্চলে দশজন প্লাউ ট্রাক অপারেটর, দুইজন মেকানিক, দুইজন মেকানিক সুপারভাইজার সহ 14 জন কর্মী এবং দুইটি মেকানিক সার্ভিস ট্রাক মোতায়েন করা হচ্ছে:

- রাজধানী অঞ্চল থেকে চারজন প্লাউ অপারেটর, একজন মেকানিক, একজন মেকানিক সুপারভাইজার, এবং একটি মেকানিক সার্ভিস ট্রাক।
- মোহাক ভ্যালি থেকে ছয়জন প্লাউ অপারেটর, একজন মেকানিক, একজন মেকানিক সুপারভাইজার, এবং একটি মেকানিক সার্ভিস ট্রাক।

ঘটনার সময়ে এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,594টি বিশাল প্লাউ ট্রাক
- 149টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 51টি টো প্লাউ
- 322টি বিশাল লোডার

সুপারভাইজাররা রাস্তার পৃষ্ঠের অবস্থা মূল্যায়ন করছেন এবং প্রয়োজন অনুযায়ী ব্রাইন প্রি-ট্রিটমেন্ট প্রয়োগ করছেন। লোয়ার হাডসন ভ্যালির কর্মীরা পর্যাপ্ত পরিমাণে সল্ট অবশিষ্ট নেই এমন সব সড়ক পৃষ্ঠে ব্রাইন প্রি-ট্রিটমেন্ট প্রয়োগ করবেন। লং আইল্যান্ডে কর্মীরা সব I-495 র্যা ম্প, পার্কওয়ে র্যা ম্প, উত্তোলিত কাঠামো, এবং উদ্বেগের কারণ রয়েছে এমন অন্যান্য জায়গায় ব্রাইন প্রি-ট্রিটমেন্ট প্রয়োগ করবেন।

দুর্ঘটনার ঘটনা ঘটলে সে স্থান দ্রুত পরিষ্কার করে ফেলা এবং ট্রাফিক গতিশীল রাখতে সাহায্য করার জন্য নিম্নলিখিত জায়গাগুলোতে টো সার্ভিস কাজে লাগানো হবে: I-84 (ডাচেস), I-84 (অরেঞ্জ), I-684 (ডাচেস), হাচিনসন রিভার পার্কওয়ে, ক্রস কাউন্টি পার্কওয়ে, স মিল রিভার পার্কওয়ে, স্প্রেইন ব্রুক স্টেট পার্কওয়ে, এবং ট্যাকোনিক স্টেট পার্কওয়ে। পরিস্থিতি অনুযায়ী পরবর্তীতে বাড়তি টো সার্ভিসের প্রয়োজন পুনরায় মূল্যায়ন করা হবে। লং আইল্যান্ডে সাহায্যকারী ট্রাকের বিট ও কর্মঘণ্টা দীর্ঘায়িত করা হবে।

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, https://www.511ny.org/ দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপডাউনলোড করুন।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথোরিটিতে (Thruway Authority) 677 জন অপারেটর ও সুপারভাইজার স্টেটব্যাপী 230টি বড় স্নো প্লাউ, 118টি মাঝারি স্নো প্লাউ, 11টি টো প্লাউ এবং 66টি লোডার নিয়ে 119,000

টনেরও বেশি রোড সল্টের মজুদ নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছেন। স্টেটব্যাপী 24/7 কার্যপরিচালনা করার জন্য তুষার ও বরফ সরানোর কর্মীরা তৈরি আছেন। প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোতে বাড়তি সংস্থান সরিয়ে নেয়া যাবে।

থ্রুওয়ে অথোরিটির বাফেলো ডিভিশন চলমান লেক ইফেক্ট ঝড়ের জন্য সক্রিয়ভাবে তুষার ও বরফ সরানোর কাজে সম্পৃক্ত রয়েছেন। বুধবার সন্ধ্যায় এটির অপারেশন সেন্টার সক্রিয় করা হয়েছে এবং ঘটনার সময়কাল ব্যাপী এটি খোলা থাকবে।

নিউ ইয়র্ক ডিভিশন আজ রাতের তুষারপাতের আশংকায় আগে থেকেই বরফ-প্রতিরোধী কার্যক্রমে সম্পৃক্ত রয়েছে এবং উপকূলীয় ঝড় চলে আসলে কর্মীদেরকে পুরোপুরিভাবে মোতায়েন করা হবে।
থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে এখানে তথ্য প্রদান করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

জনসেবা বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 5,500 জন শ্রমিক রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত রয়েছে। সস্টেট পুলিশের সব চার-চাকার যান এবং বিশেষায়িত যানবাহন অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

নিরাপদ, নির্ভরযোগ্য পরিষেবা নিশ্চিত করার জন্য MTA নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। লবণ ছিটানো, প্ল্যাটফর্ম ও সিঁড়িগুলো তুষার ও বরফ থেকে পরিষ্কার রাখা, এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখার জন্য MTA কর্মীরা নিয়োজিত থাকবেন। MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) মোটরযান চালকদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলতে এবং গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দিচ্ছে। মেট্রো-নর্থ রেলপথ বাড়তি ট্রেন সহ শনিবারের নির্ধারিত সময়সূচিতে কার্যক্রম চালু রাখবে। নিউ ইয়র্ক সিটির আর্টিকুলেটেড বাসগুলোতে শুক্রবার সকালের ব্যস্ত সময়ের আগেই চেইন ফিট করা হচ্ছে। লং আইল্যান্ড রেলপথ সপ্তাহের নিয়মিত নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যপরিচালনা করার পরিকল্পনা করছে। গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

পোর্ট অথোরিটি (Port Authority) বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার সকাল পর্যন্ত শীতকালীন তুষারপাতের আশংকার জন্য প্রস্তুতি নিচ্ছে। পোর্ট অথোরিটির বিমানবন্দর, বাস টার্মিনাল ও বাস স্টেশন ব্যবহারকারী ভ্রমণকারীদেরকে বিলম্ব, বাতিলকরণ বা পুনরায় বুকিং সম্পর্কিত সর্বশেষ তথ্যের জন্য সরাসরি ক্যারিয়ার ও এয়ারলাইনগুলোর সঙ্গে যোগাযোগ করতে উৎসাহ দেয়া হচ্ছে। পরিস্থিতি অনুযায়ী পোর্ট অথোরিটির সেতুগুলোতে গতিসীমা সংক্রান্ত বিধিনিষেধও বাস্তবায়ন করা হতে পারে।পোর্ট অথোরিটির বিমানবন্দর ও অন্যান্য ফ্যাসিলিটিগুলোর উপর আবহাওয়াজনিত প্রভাব সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলোর একটি ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন